



সিইসির সঙ্গে ১১ দলীয় জোটের বৈঠক, ভোটকেন্দ্রে অনিয়মের অভিযোগ



ছবি: সংগৃহীত

রাজধানীর আগারগাঁওয়ে বৃহস্পতিবার বিকেলে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে সাক্ষাৎ করেছেন ১১-দলীয় জোটের প্রতিনিধি দল। বৈঠক শেষে জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মোয়াজ্জেম হোসেন হেলা জানান, দেশে বিভিন্ন ভোটকেন্দ্রে জাল ভোট, কেন্দ্র দখল এবং অনিয়মের ঘটনা ঘটেছে। তিনি বলেন, এই বিষয়গুলো কমিশনের নজরে আনা হয়েছে এবং পদক্ষেপ আশা করা হচ্ছে। মোয়াজ্জেম হোসেন আরও বলেন, সারাদেশে মোট ৪৩ হাজার কেন্দ্র রয়েছে। এ পর্যন্ত ৩২ হাজার কেন্দ্রের ভোটের তথ্য কমিশনের কাছে এসেছে, বাকি ১০ হাজার কেন্দ্রের হিসাব পরে সংযুক্ত হবে।

LENS ASIA